

সম্পত্তি আমরা ইতিপূর্বে কখনও কাহাকেও বিক্রয় বা কোনপ্রকার হস্তান্তর করি  
নাই বা করা হয় নাই বা কোন সরকারী আধাসরকারী সংস্থা কর্তৃক অধিগৃহত হয়  
নাই বা অধিগ্রহন করা হইবে এই মর্মে কোনওরূপ নোটিশ অদ্যাবধি পাই নাই বা  
ক্রোকাবন্ধ, চার্জযুক্ত বা অপর কাহারও বাবাদ জামিনে আবদ্ধ নাই বা অপর  
কাহাকেও বিক্রয় করিব বলিয়া কোনও লিখিত বা মৌখিক চুক্তি করি নাই বা করা  
নাই। তপশীলোক্ত সম্পত্তি সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ থাকাবস্থায় আপনাদের  
বিদ্যালয়কে বিক্রয় করিলাম এবং বিক্রীত সম্পত্তিতে অদ্যই আপনাদের খাস  
দখলে প্রতিষ্ঠিত করিলাম। যদি ভবিষ্যতে আমার কতকর্মের দোষে আপনাদের  
স্বত্বদখলে কোনও প্রকার বাধা বিঘ্ন ঘটে বা উপস্থিত হয় আপনাদের খরিদা তপশীল  
বর্ণিত সম্পত্তির বা ইহার কোনও অংশের দখল স্বত্বাংশের কোনও প্রকার বাধা  
বিঘ্ন ঘটে তাহা আমি মায় ও ওয়ারিশানে ও স্থলাভিষিক্তগণ ক্রমে নিজ ব্যায়ে  
উদ্ধার করিয়া দিতে বাধ্য রহিলাম ও রহিল। আর যদি না পারি তাহা হইলে  
মূল্যের সমূহ টাকা মায় ক্ষতিপূরণ সহ এককালিন নগদে আপনাদের আদায় দিতে  
আমি মায় ওয়াশিনে বাধ্য রহিলাম ও রহিল। স্বত্বাদি নির্মল করিবার জন্য ভবিষ্যতে  
কোনও প্রকার সংশোধনী দলিল করিয়া দিবার প্রয়োজন হইলে তাহাও করিয়া  
দিতে আমি মায় ওয়ারিশানে বাধ্য রহিলাম বা রহিল।

এতদর্থে সুস্থ শরীরে সরলমনে অন্যের বিনা প্ররোচনায় অত্র দলিলে লিখিত  
বিবরণ সকল পাঠান্তে মর্ম সকল অবগতে নিম্ন স্বাক্ষরকারী সাক্ষীগণের সম্মুখে  
পন মূল্যের টাকা এককালিন নগদে গ্রহনাণ্ডে অত্র সাফ বিক্রয় কোবলাপত্র সহি  
সম্পাদন করিয়া দিলাম। ইতি তারিখ বাংলার ১৪১৭ সালের ১৪ ই শ্রাবণ ইংরাজী  
২০১০ সালের ৩১ শে জুলাই।

-ঃ তপশীল ঃ-

জেলা- বর্ধমান, থানা- জামালপুর, এ. ডি. এস. আর. অফিস জামালপুর সামিল  
আবুঝহাটী ১ নং পঞ্চায়েতের অন্তর্গত মৌজা পাঁচশিমূল জে. এল. ১০৭ নং।  
তৌজি হাল নং- ১৬, খতিয়ান নং- ২৫/২ প্রজাস্বত্ব সাবেক ৩১৯ (তিন শত  
উনিশ)। হাল দাগ নং- ৩৭৮ (তিন শত আটাত্তর) পরিমান- ১৬ আনায় ৩৮ (আটত্রিশ)  
শতক। রায়ত দখলী স্বত্ব খাজনার যোগ্য। এল. আর. ১৩৮৩ (তেরশত তিরিশ)  
দাগের ভিটা।